

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৩০৯

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯

১৩ অক্টোবর ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ থেকে প্রাপ্ত কনটেম্পট পিটিশন নং-৩২১/২০২২ (রিট পিটিশন নং-৩৫০২/২০২২ হতে উদ্ভূত) পরিচালনা সংক্রান্ত।।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার দৌলতপুর কলেজ (দিবা নৈশ)-এর ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রভাষক, মোল্যা মিজানুর রহমান-কে সাময়িক বরখাস্ত করায় তিনি বরখাস্ত আদেশ প্রত্যাহার এবং বেতন প্রদানের লক্ষ্যে গত ৩০/১১/২০১৭খ্রি. তারিখে উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৫০২/২০২২ মামলা দায়ের করেন। এ মামলার শুনানী শেষে মহামান্য হাইকোর্ট থেকে ১৮/০৪/২০২২ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেন;

“The respondent are hereby directed to pay the petitioner fully salary and benefits according to circular 06.08.2017 (Annexure-L to the writ petition) within 30 (thirty) days from the date of respect of the copy of this order.”


মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৩৫০২/২০২২ মামলার রায়ের নির্দেশনা মোতাবেক খুলনা জেলার দৌলতপুর কলেজ (দিবা নৈশ)-এর ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রভাষক, মোল্যা মিজানুর রহমান-কে সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার এবং বেতন-ভাতা প্রদান না করায় তিনি সংস্কৃষ্ক হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩২১/২০২২ দায়ের করেন। কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ ০৫ (পাঁচ) জনকে বিবাদী করা হয়েছে। কনটেম্পট মামলায় নিম্নরূপ আদেশ প্রদান করেন:

“The petitioners is directed to put in requisites for service of notices of the Rule upon the contemnors in usual course and through registered post with acknowledgement due (AD)within 48 (forty-eight) hours from date.

Let this matter appear in the list on 18.10.2022 for passing necessary “order.”

এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং-৩২১/২০২২ (রিট পিটিশন নং-৩৫০২/২০২২ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষে কনটেম্পট মামলা পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



১৩-১০-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল: law.section1@shed.gov.bd

উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২২.৩০৯/১(৪)

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৯

১৩ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৩-১০-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব